

# COVID-19 রোগীর পরীক্ষামূলক তথ্য

এপ্রিল, 2020

COVID-19 সংক্রমণে আক্রান্ত বেশিরভাগ লোকেরই জ্বর, কাশি এবং গলা ব্যথার স্বল্পকালীন অসুস্থতা থাকে। কারও কারও গন্ধ এবং/অথবা স্বাদ-এর অনুভূতির ক্ষতি হয় আবার কারও শ্বাস নিতে সমস্যা হয়। কাশি বা হাঁচির মাধ্যমে এবং সরাসরি সংস্পর্শের মাধ্যমে সংক্রমণ ছড়িয়ে যেতে পারে। ঘর থেকে বেরোনোর সময় নিজেকে বাঁচানোর জন্য এবং রোগের বিস্তারকে প্রতিরোধ করার জন্য মাস্ক পড়া অত্যন্ত জরুরি। **COVID-19 অনুনাসিক সোয়াব পরীক্ষা আসল ভাইরাস সনাক্ত করে যা COVID-19 সংক্রমণ ঘটায়।**

## আমার পরীক্ষার ফলাফল পজিটিভ থাকার অর্থকী?

আপনার অনুনাসিক সোয়াব পরীক্ষার ফলাফল পজিটিভ হলে, এটি সূচিত করে যে আপনি সম্ভবত COVID-19 ভাইরাসে আক্রান্ত হয়েছেন।

## আমার ফলাফল নেগেটিভ থাকার অর্থ কী?

আপনার অনুনাসিক সোয়াব পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে আপনি COVID-19 ভাইরাস দ্বারা আক্রান্ত নাও হতে পারেন অথবা আপনি COVID-19 ভাইরাস দ্বারা আক্রান্ত হলেও পরীক্ষাটি ভাইরাসকে সনাক্ত করতে পারে নি। আমরা এখনও COVID-19 ভাইরাস এবং এর পরীক্ষা সম্পর্কে শিখছি।

## আমার পরীক্ষার ফলাফল পজিটিভ হলে আমার কী করা উচিত?

আপনাকে সাত দিনের মধ্যে শেষের তিন দিন (অ্যাসিটামিনোফেন বা আইবুপ্রোফেন-এর মতো জ্বর-কমানোর ওষুধ না নিয়ে) জ্বর না আসা এবং লক্ষণগুলির উল্লতিসাধন সহ আপনাকে কমপক্ষে সাত দিন বাড়িতে থাকতে হবে। আপনার লক্ষণগুলি আরও খারাপ হলে বা আপনার শ্বাস নিতে সমস্যা হলে 911 কল করুন। আপনার লক্ষণগুলি ভালো হয়ে গেলে বা সেরে উঠলে আপনাকে পরীক্ষাটি আবার করতে হবে না কারণ পরীক্ষাটি এখনও আপনার সংক্রমণ আছে বলে পজিটিভ দেখাতে পারে।

আপনার পরিবারের কারও সাথে আপনি সরাসরি সম্পর্ক থাকলে তাদের তাপমাত্রা পর্যবেক্ষণ করা উচিত এবং 14 দিন জ্বর, কাশি বা গলা ব্যথার মতো লক্ষণগুলি আছে কিনা তা দেখা উচিত। তাদের জনবহুল স্থান এবং পরিবহন এড়ানো উচিত এবং বয়স্ক ব্যক্তি, দীর্ঘকাল ধরে চিকিত্সা চলছে এমন ব্যক্তি বা প্রতিরোধকৃত ব্যক্তিদের সম্পর্কে আসা উচিত নয়।

## আমার পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে আমার কী করা উচিত?

আপনার কোনও লক্ষণ না থাকলে বাড়িতে আলাদা করে থাকার কোনও প্রয়োজন নেই। নিয়মতভাবে আপনার হাত ধোয়া এবং বাইরে বেড়ানোর সময় মাস্ক পড়ার মতো সতর্কতাগুলি নিয়মিত পালন করুন।

আপনার পরীক্ষা নেগেটিভ এলেও, আপনার মধ্যে লক্ষণগুলি থাকলে আপনাকে সাত দিনের মধ্যে শেষের তিন দিন (অ্যাসিটামিনোফেন বা আইবুপ্রোফেন-এর মতো জ্বর-কমানোর ওষুধ না নিয়ে) জ্বর না আসা এবং লক্ষণগুলির উল্লতিসাধন সহ আপনাকে কমপক্ষে সাত দিন বাড়িতে থাকতে হবে। আপনার লক্ষণগুলি আরও খারাপ হলে বা আপনার শ্বাস নিতে সমস্যা হলে 911 কল করুন। আপনার পরিবারের কারও সাথে আপনি সরাসরি সম্পর্ক থাকলে তাদের তাপমাত্রা পর্যবেক্ষণ করা উচিত এবং 14 দিন জ্বর, কাশি বা গলা ব্যথার মতো লক্ষণগুলি আছে কিনা তা দেখা উচিত। তাদের জনবহুল স্থান এবং পরিবহন এড়ানো উচিত এবং বয়স্ক ব্যক্তি, দীর্ঘকাল ধরে চিকিত্সা চলছে এমন ব্যক্তি বা প্রতিরোধকৃত ব্যক্তিদের সম্পর্কে আসা উচিত নয়।

আপনার আরো প্রশ্ন থাকলে আপনার নিয়মিত চিকিৎসকের সাথে যোগাযোগ করুন। আপনার নিয়মিত ডাক্তার না থাকলে আপনি NYC Health + Hospitals যোগাযোগ কেন্দ্রে 1-844-NYC-4NYC (1-844-692-4692) এ কল করতে পারেন।

**ভাল থাকো। নিরাপদ থাকুন।**

NYC Health + Hospitals অ্যাম্বুলেটরি কেয়ার অফিস